



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/4/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল নিউ ইয়র্ক স্টেটে আরও তিনটি নিশ্চিত COVID-19 ওমিক্রন ভেরিয়েন্ট কেস ঘোষণা করেছেন যার ফলে মোট আটটি কেস পাওয়া গেল

এই আবিষ্কার নিউ ইয়র্কবাসীদের টিকা নেওয়ার, বুস্টার নেওয়ার এবং একটি মাস্ক পরার প্রয়োজনীয়তাকে আরো দৃঢ় করে

ক্রমবর্ধমান কেস ডেল্টা ভেরিয়েন্টের সাথে সম্পর্কিত বলে ট্রেস করা অব্যাহত রয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজ নিউ ইয়র্ক স্টেটে COVID-19 ওমিক্রন ভেরিয়েন্টের আরও তিনটি নিশ্চিত কেস সনাক্ত হয়েছে বলে ঘোষণা করেছেন, যার ফলে মোট আটটি নিশ্চিত কেস পাওয়া গেছে। এখনও অবধি, কেসগুলি সম্পর্কিত নয় এবং SARS-CoV-2 ভাইরাসের সিকোয়েন্সিংয়ের মাধ্যমে নিশ্চিত করা হয়েছে। তিনটি নতুন কেসই নিউ ইয়র্ক সিটিতে পাওয়া গেছে, যার ফলে মোট সাতজন নিউ ইয়র্ক সিটির বাসিন্দা এবং সাফোক কাউন্টির একজনের ওমিক্রন ভেরিয়েন্ট আছে বলে নিশ্চিত করা হয়েছে।

"আমরা জানতাম ওমিক্রন ভেরিয়েন্ট আসছে এবং আমরা আরও কেস দেখতে পাবো বলে আশা করি। কিন্তু আমি স্পষ্টভাবে বলতে চাই: আমরা অসুরক্ষিত নই," **গভর্নর হোচুল বলেন।** "এই মারাত্মক ভাইরাসের বিস্তার রোধ করতে সাহায্য করার জন্য আমাদের কাছে প্রয়োজনীয় সরঞ্জাম আছে: আপনার টিকা নিন, আপনার বুস্টার নিন, এবং আপনার মাস্ক পরুন। আসুন আমরা ছুটির কাছাকাছি আসার সাথে সাথে নিজেদের এবং আমাদের প্রিয়জনদের রক্ষা করতে এই সরঞ্জামগুলি ব্যবহার করি।"

স্বাস্থ্য বিভাগের কমিশনার ডাঃ মেরি টি. বাসেট বলেন, "ওমিক্রন ভেরিয়েন্ট এসে গেছে, এবং যেমন প্রত্যাশিত ছিল, আমরা এর সমাজের মধ্যে বিস্তারের সূচনা দেখতে পাচ্ছি। আমরা জাতীয়, রাজ্য এবং স্থানীয় পর্যায়ে আমাদের অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাচ্ছি। এই সময়ে, আমরা জানি না ওমিক্রন কত দ্রুত ছড়িয়ে পড়বে বা ওমিক্রনের উপসর্গগুলি কতটা গুরুতর হবে। আমরা যা দেখছি তা হল নিউ ইয়র্ক স্টেট জুড়ে কেস বৃদ্ধি পাওয়া ডেল্টা ভেরিয়েন্টের সাথে সম্পর্কিত বলে পাওয়া যাচ্ছে। আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীদের আমাদের কাছে থাকা সেরা প্রতিরোধমূলক সরঞ্জামগুলি ব্যবহার করতে উত্সাহিত করি: টিকা নেওয়া, বুস্টার নেওয়া এবং একটি মাস্ক পরা।"

মাউন্ট সিনাই (Mt. Sinai) এর প্যানডেমিক রেসপন্স ল্যাবে (Pandemic Response Lab, PRL)

ওমিক্রন কেসের তিনটি সনাক্ত করা হয়েছিল, একটি কেস NYC ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (NYC Department of Health and Mental Hygiene) দ্বারা নিশ্চিত করা হয়েছিল এবং সাফোক কাউন্টির কেসটি PRL 2 ডিসেম্বর সনাক্ত করেছিল। যদিও এই সমস্ত কেসগুলি জাভিটস সেন্টারে সাম্প্রতিক অ্যানিমে NYC কনভেনশনের সাথে সম্পর্কযুক্ত নয় বলে মনে করা হয়, বিভাগ তাও যারা এই সমাবেশে উপস্থিত ছিলেন তাদের কোভিড-19 পরীক্ষা করার জন্য এবং সর্বজনীন স্থানে একটি মাস্ক পরার জন্য অনুরোধ করে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথের (New York State Department of Health) ওয়াডসওয়ার্থ সেন্টার ল্যাবরেটরি (Wadsworth Center Laboratory) পুরো স্টেট জুড়ে বাছাই করা কোভিড-19 ভাইরাসের নমুনা সক্রিয়ভাবে [তত্ত্বাবধান](#) করা অব্যাহত রেখেছে, সিকুয়েন্স তুলনা করার জন্য এবং ওমিক্রন সহ প্রচলিত এবং নতুন ভ্যারিয়েন্ট সনাক্ত করার জন্য।

এছাড়াও ডিপার্টমেন্ট পাবলিক সিকুয়েন্স ডেটাবেসে জমা করা পুরো নিউ ইয়র্ক স্টেট ও মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যান্য অনেক সিকোয়েন্সিং ল্যাবরেটরির সকল ডেটা তত্ত্বাবধান করে, যা ভ্যারিয়েন্ট বিশ্লেষণের জন্য একটি বলিষ্ঠ ও সহযোগী নজরদারির প্রোগ্রামে অবদান রাখে। ওয়াডসওয়ার্থ সেন্টার বর্তমানে দৈনিক আনুমানিক 100 ধারণক্ষমতা নিয়ে কোভিড-19 ভাইরাসের নমুনা সিকোয়েন্সিং করছে। পুরো স্টেট থেকে এলোমেলোভাবে নমুনা বাছাই করা হয় সকল ভৌগলিক এলাকায় নজরদারি প্রদান করার জন্য এবং ভাইরাসের সম্পূর্ণ সিকুয়েন্স ডেটা বিশ্লেষণ করার জন্য। বিশ্লেষণের মধ্যে মিউটেশনের মূল্যায়ন অন্তর্ভুক্ত যা উদ্বেগের ভেরিয়েন্ট এবং আগ্রহের ভেরিয়েন্টগুলি নির্দেশ করে।

নিউ ইয়র্ক স্টেটে অন্য ল্যাবরেটরিগুলি একই ধরনের কাজ করছে। ওয়াডসওয়ার্থের এবং অন্যান্য ল্যাবরেটরির এই ফলাফলগুলি পাবলিক ডেটাবেসে, [গ্লোবাল ইনিশিয়েটিভ ও শেয়ারিং এভিয়ান ইনফলুয়েঞ্জা ডেটা \(Global Initiative on Sharing Avian Influenza Data, GISAID\)](#) এ আপলোড করা হয়। এই ডেটাবেজ থেকে, সকল অংশগ্রহণকারীর সিকুয়েন্স ডেটা ডাউনলোড করা যাবে এবং স্টেটব্যাপী ভাইরাস ট্রেন্ডের সম্পূর্ণ ছবির জন্য বিশ্লেষণ করা যাবে এবং এই বিশ্লেষণ থেকে সময়ের তুলনায় ভ্যারিয়েন্টসমূহের বিতরণ পাওয়া যাবে। স্টেট তাদের [কোভিড-19 ভ্যারিয়েন্ট পেজে](#) সকল নিউ ইয়র্কবাসীর জন্য এই ডেটা উপলভ্য করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)